গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**বাংলাদেশ ট্যুরিজম বোর্ড**

(জাতীয় পর্যটন সংস্থা)

পর্যটন ভবন (৯ম ও ১০ম তলা),

প্লট: ই/৫-সি/১, আগারগাঁও, প্রশাসনিক এলাকা, শেরে বাংলানগর, ঢাকা-১২০৭।

স্মারক নং: ৩০.৩৩.০০০০.১১২.৩১.০০১.২০-০৯

তারিখ: ০৫ জানুয়ারি ২০২১ / ২১ পৌষ ১৪২৭

## নিয়োগ বিজ্ঞপ্তি

বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের অধীন সংস্থা বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের (বিটিবি) রাজস্বখাতভুক্ত নিম্নবর্ণিত শূন্য পদসমূহে অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের নিমিত্ত অনলাইন (Online) পদ্ধতিতে প্রয়োজনীয় যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

| ক্রমিক নং | পদের নাম, গ্রেড ও বেতনস্কেল (জাতীয় বেতনস্কেল ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা, বয়সসীমা ও অন্যান্য | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|
| ০১ | পদের নাম: প্রশাসনিক কর্মকর্তা<br>গ্রেড: ১০ম<br>বেতনস্কেল: ১৬,০০০-৩৮,৬৪০/- | ০১টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে স্নাতক ডিগ্রি অথবা স্নাতকোত্তর ডিগ্রি বা ০৪ (চার) বৎসর মেয়াদী অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রি।<br>খ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত।<br>(গ) বয়সসীমা: সর্বোচ্চ ৩০ বছর | সকল জেলা |
| ০২ | পদের নাম: সাঁটলিপিকার কাম-কম্পিউটার অপারেটর<br>গ্রেড: ১৩তম<br>বেতনস্কেল: ১১,০০০-২৬,৫৯০/- | ০৩টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি।<br>(খ) সাঁটলিপিতে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায় ৫০ এবং ইংরেজিতে ৮০ শব্দ;<br>(গ) কম্পিউটার টাইপিংয়ে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায় ২৫ এবং ইংরেজিতে ৩০ শব্দ;<br>(ঘ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত এবং ব্যবহারের দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে।<br>(ঙ) বয়সসীমা: সর্বোচ্চ ৩০ বছর | সকল জেলা |
| ০৩ | পদের নাম: অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>গ্রেড: ১৬তম<br>বেতনস্কেল: ৯,৩০০-২২,৪৯০/- | ০২টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত এবং ব্যবহারের দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে।<br>গ) কম্পিউটার টাইপিংয়ে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায় ২০ এবং ইংরেজিতে ২০ শব্দ;<br>(ঘ) বয়সসীমা: সর্বোচ্চ ৩০ বছর। তবে মুক্তিযোদ্ধা কোটায় এবং প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে ৩২ বছর। | লক্ষীপুর, মেহেরপুর, শেরপুর ও ঠাকুরগাঁও জেলা ব্যতীত অন্য সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। মুক্তিযোদ্ধা কোটায় উপযুক্ত প্রার্থী পাওয়া না গেলে মেধার ভিত্তিতে সাধারণ কোটা হতে তা পূরণ করা হবে। |

**অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী:**

**০১।** নিয়োগের ক্ষেত্রে বিদ্যমান সরকারি বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধান সংশোধিত হলে অনুসরণ করা হবে।

**০২। অনলাইনে আবেদন করার পদ্ধতি:** (ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://btb.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন।

**(খ) আবেদনের সময়সীমা নিম্নরূপ:**

i. Online এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ: **১১.০১.২০২১** খ্রি. সকাল ১০:০০ টা থেকে।

ii. Online এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদানের শেষ তারিখ: **১০.০২.২০২১** খ্রি. বিকাল ০৫:০০ টা পর্যন্ত।

iii. উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী **৭২ (বাহাত্তর)** ঘন্টার মধ্যে এসএমএস (SMS) এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন। নির্ধারিত তারিখ ও সময়ের পরে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

**(গ) Online এ পূরণকৃত আবেদনপত্রে প্রদত্ত তথ্যের সঠিকতা সম্পর্কে শতভাগ নিশ্চিত হওয়া:** Online এ পূরণকৃত আবেদনপত্রের তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী শতভাগ নিশ্চিত হবেন।

**(ঘ) ছবি (Photo):** আবেদন ফরম (Application From) সঠিকভাবে পূরণ সম্পন্ন হলে Application ফরমটির Preview দেখা যাবে। Preview-এর নির্ধারিত স্থানে প্রার্থীকে নির্দিষ্ট মাপের নিজের সদ্য তোলা রঙিন ছবি Scan করে Upload করতে হবে। সাদা-কালো ছবি গ্রহণযোগ্য হবে না। উল্লেখ্য, ছবির আয়তন হবে 300×300 Pixel (JPG Format), কোনভাবেই এর কম বা বেশী নয় এবং File Size হবে সর্বোচ্চ 100KB. উল্লিখিত মাপের ছবি না হলে আবেদনপত্র বাতিল হবে। সাইডভিউ/সানগ্লাসসহ ছবি গ্রহণযোগ্য হবে না। Home Page এর Help Menu তে ক্লিক করলে Photo এবং Signature সম্পর্কে বিস্তারিত নির্দেশনা পাওয়া যাবে।

**(ঙ) স্বাক্ষর (Signature):** Application Preview স্বাক্ষরের জন্য নির্ধারিত স্থানে নিজের স্বাক্ষর Upload করতে হবে। উল্লেখ্য, স্বাক্ষরের আয়তন হবে 300×80 Pixel (JPG Format), কোনভাবেই এর কম বা বেশী নয় এবং File Size হতে হবে।

**(চ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান**: Online এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণপূর্বক নির্দেশনামতে ছবি (Photo) এবং স্বাক্ষর (Signature) Upload করে প্রার্থী কর্তৃক আবেদনপত্র Submission সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview কপি দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User ID সহ ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবে। উক্ত Applicant's Copy প্রার্থীকে ডাউনলোড (Download) পূর্বক প্রিন্ট (Print) করে সংরক্ষণ করতে হবে। Applicant's কপিতে একটি User ID দেয়া থাকবে এবং এ User ID ব্যবহার করে Teletalk Bangladesh Limited কর্তৃক SMS এর মাধ্যমে প্রদত্ত নির্দেশনা অনুসারে প্রার্থীকে নিম্নবর্ণিত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-paid Mobile নম্বরের মাধ্যমে SMS করে পরীক্ষার ফি বাবদ ক্রমিক নং ১ এর পদে আবেদনের জন্য **৪০০/-(চারশত)** টাকা এবং ক্রমিক নং ২-৩ পর্যন্ত পদসমূহের যে কোন একটি পদে আবেদনের জন্য **১০০/-(একশত)** টাকা হারে জমা দিতে হবে।

**(ছ) SMS পদ্ধতি:**

i. প্রথম SMS: BTB User ID লিখে Send করুন 16222 নম্বরে। **Example**: **BTB ABCDE**

**Reply**: Applicant's Name, TK.400/-or TK.100/-will be charged as per application fee. Your PIN is (8-digit number) 12345678. To pay fee Type BTB <Space> Yes PIN and send to 16222.

ii. দ্বিতীয় SMS: Yes PIN লিখে Send করুন ১৬২২২ নম্বরে। **Example**: BTB YES 12345678

**Reply**: Congratulations Applicant's Name, payment completed successfully for BTB Application for xxxxxxxxxxxxxxx User ID is (xxxxxxxxxxxx) and Password (xxxxxxxxx).

**বিশেষ দ্রষ্টব্য:** আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submission করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত আবেদনপত্র কোন অবস্থাতেই গ্রহণ করা যাবে না"।

**(জ)** উপরের নির্দেশনা অনুসারে পরীক্ষার নির্ধারিত ফি জমা হলে টেলিটক হতে প্রেরিত উত্তরে প্রার্থীকে একটি User ID এবং Password ব্যবহার করে প্রার্থী তার রোল নম্বর সংবলিত Admit Card (প্রবেশ পত্র) Download করে প্রিন্ট করতে হবে। এই Admit Card (প্রবেশপত্র) টি লিখিত ও মৌখিক পরীক্ষার সময় সঙ্গে আনতে হবে।

**(ঝ) পাসওয়ার্ড মুছে গেলে বা হারিয়ে গেলে করণীয়:** মোবাইলের মেসেজ অপশনে গিয়ে টাইপ করুন BTB<Space> >HELP<Space>SSC Board<Space>SSC Roll<Space>SSC Year and Sent to 16222 অথবা টেলিটকের ওয়েবসাইটে Home page এর Admit Card Menu-তে ক্লিক করলে Recover User ID, Recover Password ও Payment Status বাটন দেখা যাবে। উক্ত বাটনে ক্লিক করে প্রয়োজনীয় তথ্য দিয়ে Submit করলে কাঙ্খিত তথ্যাবলি পাওয়া যাবে।

**(ঞ)** শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, PIN পুনরুদ্ধার করতে পারবেন:

i. User ID জানা থাকলে BTB <Space> HELP <Space> User ID and Sent to 16222.
Example: BTB Help User ABCDEF & Send to 16222

ii. PIN Number জানা থাকলে BTB <Space> HELP <Space> PIN No and Sent to 16222.

Example: BTB Help PIN 123456 & Send to 16222.

**(ট)** Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

**(ঠ)** Online এ আবেদন করতে কোন সমস্যা সৃষ্টি হলে বা সমস্যায় পড়লে যেকোন টেলিটক নম্বর থেকে 121 নম্বরে অথবা যেকোন অপারেটরের ফোন নম্বর থেকে 01500-121121 নম্বরে কল করতে পারবেন। এছাড়া, vas.query@teletalk.com.bd এবং btbnto@gmail.com বর্ণিত ০২ (দুই)টি ই-মেইলে যোগাযোগ করা যাবে। এক্ষেত্রে Email এর Subject-এ Organization "BTB", Post Name: ****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে;

**(ড)** প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি www.tourismboard.gov.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদের) যথাসময়ে জানানো হবে।

**০৩। নিয়োগ পরীক্ষা ও প্রার্থী বাচাই সংক্রান্ত নির্দেশনাবলি ও শর্তাবলী:** শুধুমাত্র লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ নিম্নলিখিত কাগজপত্র (১ সেট মূল কপি ও ১ সেট সত্যায়িত কপি) মৌখিক পরীক্ষার সময় দাখিল করবেন:

(ক) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সম্প্রতি তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি।

(খ) সকল শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত কপি।

(গ) জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসেবে চেয়ারম্যান-ইউনিয়ন পরিষদ/মেয়র-পৌরসভা/সিটি করপোরেশনের ওয়ার্ড কমিশনার বা কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্রের সত্যায়িত কপি।

(ঘ) আবেদনকারী বীর মুক্তিযোদ্ধার/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা হলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত সনদপত্র;

(ঙ) আবেদনকারী বীর মুক্তিযোদ্ধার/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার পুত্র/কন্যা হলে সে মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক ইস্যুকৃত প্রার্থীর পিতা-মাতার নাম এবং বীর মুক্তিযোদ্ধার/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার নাম উল্লেখসহ বীর মুক্তিযোদ্ধার সঙ্গে তাঁর সম্পর্কের সুস্পষ্ট প্রত্যয়নপত্র;

(চ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র দাখিল করতে হবে। অসম্পূর্ণ/ভুল তথ্য সংবলিত/ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

(ছ)) মৌখিক পরীক্ষার সময় প্রবেশপত্র (Admit card) ও Applicant's Copy সঙ্গে আনতে হবে।

**০৪।** লিখিত ও মৌখিক পরীক্ষার নোটিশ প্রার্থীর মোবাইলে SMS-এর মাধ্যমে ও BTB-এর ওয়েবসাইট-এর মাধ্যমে জানানো হবে।

**০৫।** প্রার্থীদের লিখিত, মৌখিক এবং ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

**০৬। আবেদনকারীর বয়স:**

(ক) আগামী ১০.০২.২০২১ খ্রি.তারিখে ক্রমিক নং ১-৩ পর্যন্ত পদের জন্য আবেদনকারীর বয়স সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বছর। তবে, মুক্তিযোদ্ধা কোটায় ও প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়স সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বছর। বয়স গণনার ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

(খ) নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সর্বশেষ জারিকৃত বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।

**০৭।** আবেদনকারী প্রতিবন্ধী হলে সমাজসেবা অধিদপ্তর কর্তৃক ইস্যুকৃত প্রতিবন্ধী সনদপত্র দাখিল করতে হবে।

**০৮।** এতিম প্রার্থীর ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তর কর্তৃক রেজিস্ট্রিকৃত এতিমখানা/শিশুসদন কর্তৃক প্রদত্ত সনদপত্র দাখিল করতে হবে।

**০৯।** আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্যদের ক্ষেত্রে "সংশ্লিষ্ট প্রার্থী আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য" এ মর্মে জেলা কমান্ড্যান্ট-আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী কর্তৃক প্রদত্ত সনদপত্র দাখিল করতে হবে।

**১০।** আবেদনকারী ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ভুক্ত হলে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের নিকট হতে প্রাপ্ত সনদের সত্যায়িত কপি জমা দিতে হবে।

**১১।** সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত/আন্তর্জাতিক/বেসরকারি সংস্থায় চাকুরীরত প্রার্থীদেরকে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র প্রদর্শন করতে হবে।

**১২।** লিখিত পরীক্ষা/মৌখিক পরীক্ষা/ব্যবহারিক পরীক্ষায় (প্রযোজ্য ক্ষেত্রে) অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

**১৩।** কোন প্রার্থী নিয়োগ লাভের পর তার প্রদত্ত কোন তথ্য মিথ্যা প্রমাণিত হলে নিয়োগ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

**১৪।** নিয়োগের বিষয়ে কোন প্রকার সুপারিশ বা তদবির ও চাপপ্রয়োগ (Pressurize) প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

**১৫।** কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ এ নিয়োগ কার্যক্রম আংশিক/সম্পূর্ণভাবে পরিবর্তন/বাতিলসহ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করে। এ নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

-/স্বাক্ষরিত


**শাহ্ আবদুল আলীম খান**

(যুগ্মসচিব)

পরিচালক (প্রশাসন ও অর্থ)

বাংলাদেশ ট্যুরিজম বোর্ড

ফোন: (০২) ৪৪৪২ ৬৫৪৫